P 01005

I - 00788

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

M. V. 2,50,000/- 819509

Admissible under Rule 21 and dist under section 5 (1) of W.B.L.R. Act —1908 (XVI of 1908) duty stamped under the Indian stamped 1899

Schedule 1 A. No. 33

Fess Paid A = 1969/-

F. fee Rs. 10/- E = 7/-

1976/-

D St mp Duty Rs 260/-

D A Fee Rs 770/-

Has been ... 13/3/07

... per ... Bank Draft

No. 989219 D... 13/3/07

Additional District Sub-Registrar
Baraset, North 24 Parganas.

13 MAR 2007

# দানপত্র

**দানপত্র গ্রহীতা ঃ—**

শ্রী রণজিৎ সিংহ, পিতা - স্বর্গীয় অজয় রতন সিংহ,

সাং - বাবুপাড়া (উত্তর), কোঁড়া, থানা - বারাসাত,

জেলা - উত্তর ২৪ পরগণা, জাতিয়তায় - ভারতীয়, ধর্মে - হিন্দু,

পেশা - ব্যবসা।

3041
2007.
22/2/07

Ranjit Singha
Kotra babupara - Kol - 130
1000/-

02/2/2009
020000

Presented for Registration at 12/10/10 AM/PM
On the 27th Day of Feb 2007
of the Additional District Sub-Registry office / Private Residence
by Uma Rani Singha Presentant/Claimant

Additional District Sub-Registrar
Barasat, North 24 Parganas.

1299

27 FEB 2007


Uma Rani Singha
W/o Ajay Ratan Singha
Babupara (Uttar), Kotra.
N. 24 Parganas, Barasat
Hindu, Muslims, By profession
Service, Business.

Subrata Sengupta
S/o, W/o
Barasat Court
24 Parganas
Hindu, Muslims, By profession
Service.

Identified by me.
Subrata Sengupta (Advt)
Barasat Court

Additional District Sub-Registrar
Barasat, North 24 Parganas.

27 FEB 2007







**দানপত্র দাত্রী ঃ—**

শ্রীমতী উমা রাণী সিংহ, স্বামী - স্বর্গীয় অজয় রতন সিংহ, সাং - বাবুপাড়া (উত্তর), কোঁড়া, থানা - বারাসাত, জেলা - উত্তর ২৪ পরগণা, জাতিয়তায় - ভারতীয়, ধর্মে - হিন্দু, পেশা - গৃহস্থালী।

**কস্য শুভ দানপত্র দলিল মিদং কার্য্যাঞ্চাগে ঃ—**

জেলা উত্তর ২৪ পরগণা, থানা ও জেলা অবর অতিরিক্ত নিবন্ধন অফিস বারাসাত, পৌরসভা মধ্যমগ্রাম, পরগণা আনোয়ারপুরে ৫৬৭ নং তৌজির বর্তমান মালিক উর্দ্ধতন মহামান্য রাজ্য সরকার পক্ষে জেলা উত্তর ২৪ পরগণা কালেক্টর বাহাদুর অধীনে মৌজা কোঁড়া গ্রামে জে. এল. নং ২৭, রেঃ সাঃ নং ১৮২ নং ভূক্ত রায়ত স্থিতিবান স্বত্বীয় নিম্নে তপশীলে বর্ণিত ও পরিচিত ৯৮২ দাগে ৩৪ শতক জমিজমার মধ্যে ১৬.৫ শতক জমি যাহা শচীন্দ্র মোহন চট্টোপাধ্যায়ের স্বনামে রিভিশন্যাল জরীপে রেকর্ডীয় ও স্বত্ব দখলীয় সম্পত্তি থাকাবস্থায় তাহার স্ত্রী ও আটজন পুত্র ও কন্যাগণকে কেবল মাত্র ওয়ারেশান রাখিয়া পরলোক গমন করিলে তাহারা উক্ত সম্পত্তি ওয়ারেশ সূত্রে প্রাপ্ত হইয়া গত ইংরাজী ২৯/০১/১৯৮০ তারিখে বারাসাত সাব রেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ২০ নং ভল্যুমের ৫৫ হইতে ৫৭ নং পাতায় নকলীকৃত ৫০৩ নং সাফ কোবালা দলিলে মায়া রাণী গাঙ্গুলী তথা আমার বায়াকে বিক্রয় করিয়া চির নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন। অতঃপর ইংরাজী ১৪/১২/১৯৮১ তারিখে বারাসাতের সাব

রেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ১৫০ নং ভল্যুমের ১০ হইতে ১৪ নং পাতায় নকলীকৃত ১০৩৩৫ নং সাফ কোবালা দলিলে আমি অত্র দাত্রী উক্ত মায়া রাণী গাঙ্গুলীর নিকট হইতে খরিদ করিয়া স্থানীয় পঞ্চায়েত তৎপরে পৌরসভায় এবং হাল এল. আর. জরীপে নিজ খতিয়ানে রেকর্ড ভূক্ত করাইয়া দুইখানি ঘরাদি নির্ম্মাণ করতঃ সন সন খাজনাদি ও করাদি আদায় দিয়া খরিদা কালতক হইতে বসবাস করিয়া আসিতেছি। যাহাতে দান, বিক্রয় সহ যাবতীয় হস্তান্তরের উত্তম ক্ষমতা আমাতে বিদ্যমান আছে। যাহাতে আমার দান, বিক্রয় বন্ধক প্রভৃতি সকল প্রকার হস্তান্তরের উত্তম নিব্যুঢ় স্বত্বাধিকার স্বামিত্ব বিদ্যমান রহিয়াছে।

এক্ষণে তুমি অত্র গ্রহীতা তুমি আমার গর্ভজাত জ্যেষ্ঠ পুত্র হইতেছ। আমার জ্যেষ্ঠা কন্যাকে সুপাত্রস্থ করিযাছি, সে স্বামী গৃহে সুখে শান্তিতে বসবাস করিতেছে এবং কনিষ্ঠ পুত্র আমার কাছে থাকেনা এবং আমার প্রতি তাহার দায় দায়িত্ব কর্তব্য পালন করে না বা করে নাই ভবিষ্যতেও করিবে না। সে অন্যত্র নিজ গৃহে বসবাস করিতেছে তাই তাহদেরকে আমার সম্পত্তির কোন অংশ দিলাম না। এখন আমার বয়স অধিক হইয়াছে। মানুষ মরনশীল। কখন যে পরলোকের ডাক আসিবে তা বলা যায় না। তুমি অত্র দানপত্র গ্রহিতা আমাকে যথেষ্ট ভক্তি, শ্রদ্ধা করিয়া মায়া, মমতার বন্ধনে আবদ্ধ করিয়া রাখিয়াছ।তুমি ভবিষ্যতেও আমার জীবিত কালতক্ এইরুপ ভক্তি শ্রদ্ধা ও সেবা শুশ্রুষা করিতে থাকিবে এবং আমার মৃত্যুর পর আমার পারলৌকিক ক্রিয়াদি সুসম্পন্ন করিবে এই আশা রাখি।

কনিষ্ঠ কন্যাকে পাত্রস্থ করিতে পারি নাই, তজ্জন্য তাহাকে কিছু সম্পত্তি দিয়াছি।

তোমার নিজস্ব কোন সম্পত্তি নাই। তোমার ভক্তি শ্রদ্ধা ও সেবা শুশ্রুষায় অতীব প্রীত ও সন্তুষ্ট। তাই তোমার ভবিষ্যৎ উজ্জ্বল জীবনের কামনার্থে আমার জীবদ্দশায় কিছু দান করিব ইহা আমার অনেক দিনের বাসনা। তাই এই মুহুর্তে তোমাকে কিছু দান করিয়া না যাইতে পারিলে আত্মা পরলোকে গিয়াও শান্তি পাইবেক না। কিন্তু এই মুহুর্তে আমার এই পরিনিত বয়সে নগদ অর্থ বা অলঙ্কারাদি না থাকায় আমার খরিদা খাস দখলীয় ১৬.৫ শতক জমিজমার মধ্যে গৃহ সংলগ্ন নিম্নে তপশীলে বর্ণিত ৮.২৫ শতক জমি তোমাকে দান করিব বলিয়া ইচ্ছা প্রকাশ করিয়া তোমাকে অবগত করাইলে, তুমি তাহা অবগত হইয়া উক্ত দান সানন্দে গ্রহন করিতে ইচ্ছা প্রকাশ করিয়াছ।

যাহার আনুমানিক মূল্য ১,৮০,০০০ (এক লক্ষ আশি হাজার) ~~২,০০,০০০.০০ (দুই লক্ষ)~~ টাকা হইবে।

আমি অত্র দানপত্র লিখিয়া দিয়া স্বীকার ও অঙ্গীকার করিতেছি যে, অদ্যকার তারিখ হইতে এই দানপত্র বলে আমার হকে হকদার দখলে দখলিকার ও হাল মালেক সরকারের সেরেস্থায় ও স্থানীয় পৌরসভায় আমার নামের পরিবর্তে তোমার নিজ নাম পত্তনপুর্বক ধার্য্যকৃত ট্যাক্স ও করাদি সন সন আদায় দিয়া দাখিলা ও রশিদাদি গ্রহন করতঃ তাহা দান, বিক্রয়, বিলি, বন্দোবস্ত, ইজারা তথা সমস্ত রকমের হস্তান্তরের ক্ষমতাযুক্তে পুত্র পৌত্রাদি, ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাকো।

উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত দানকৃত সম্পত্তিতে কস্মিনকালেও আমি বা আমার অপর কোন ওয়ারেশ উত্তরাধীকারীগণ কেহ কখনো কোন প্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া করিবে না করিলেও তাহা এই দানপত্র বলে সর্বত্র সর্বাদালতে বাতিল ও নামঞ্জুর বলিয়া গন্য হইবে।

ইত্যাগ্রে নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি আমি অপর কাহারো নিকট দান, বিক্রয়, বিলি, বন্দোবস্ত, ইজারা তথা কোন প্রকার হস্তান্তর করি নাই, কোন রূপ লিয়েন মর্টগেজ করা নাই, কোন রূপ মামলা মোকর্দ্দমায় জড়িত নাই, সরকার কর্তৃক অধীগৃহীত হয় নাই। সম্পুর্ন নির্দায়, নির্দোষ ও মুক্তাবস্থায় অত্র দানপত্র বলে তোমার অনুকুলে দানপত্র লিখিয়া দিয়া চির নিঃস্বত্ববান, ও দখলচ্যুত হইলাম এবং খাস দখল বুঝাইয়া দিলাম।

ভবিষ্যতে অত্র দান পত্র দলিলে কোন প্রকার ভূল ভ্রান্তি প্রকাশ পাইলে বেওজরে সংশোধন দলিল করিয়া দিব।

এতদার্থে স্বেচ্ছায়, সজ্ঞানে, সুস্থ শরীরে, সরল মনে, অন্যের বিনানুরোধে, বিনা প্ররোচনায়, প্রফুল্ল চিত্তে অত্র দানপত্র দলিলের মর্ম ও ফলাফল সম্যক অবগত হইয়া নিম্ন স্বাক্ষীগনের সম্মুখে নিজ নাম সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি তাং- বাংলা ১৪১৩ সালের ১৪ই ফাল্গুন ইংরাজী ২৭/০২/২০০৭ সাল।

## দানকৃত সম্পত্তির তপশীল

জেলা উত্তর ২৪ পরগণা, থানা ও জেলা অবর অতিরিক্ত নিবন্ধন অফিস বারাসাত, পৌরসভা মধ্যমগ্রাম, পরগণা আনোয়ারপুরে ৫৬৭ নং তৌজির বর্তমান মালিক উর্দ্ধতন মহামান্য রাজ্য সরকার পক্ষে জেলা উত্তর ২৪ পরগণা কালেক্টর বাহাদুর অধীনে মৌজা কোঁড়া গ্রামে জে. এল. নং ২৭, রেঃ সাঃ নং ১৮২ নং ভূক্ত রায়ত স্থিতিবান স্বত্বীয় হারাহারি খাজনা পশ্চিমবঙ্গ রাজ্য সরকার কর্তৃক ধার্য্যে আর. এস. ৪৯৬ এল. আর. ৩৫২ নং খতিয়ান ভূক্তঃ—

৯৮২ (নয় শত বিরাশি) নং দাগে আমার খরিদা কমবেশী ১৬.৫

RICT NORTH 24 PARGANAS
ICE OF THE A D S R Barasat

oto of the presentant should be pasted
the front page of the document

(1)
Name : Uma Rani Singha Status - Presentant

**LEFT HAND FINGER PRINTS (বাম হাতের আঙ্গুলের ছাপ)**

| LITTLE | RING | MIDDLE | FORE | THUMB |
| --- | --- | --- | --- | --- |
| | | | | |

**RIGHT HAND FINGER PRINTS (ডান হাতের আঙ্গুলের ছাপ)**

| THUMB | FORE | MIDDLE | RING | LITTLE |
| --- | --- | --- | --- | --- |
| | | | | |

*All the above fingerprints are of the abovenamed person, and attested by the said parson.*

উমা রানী সিংহ

*SIGNATURE of the Presentant*

(2)
Name : Ranjit Singha
*Status : Presentant / Executant / Claimant / Attorney / Principal / Guardian / Testator (✓)*

**LEFT HAND FINGER PRINTS (বাম হাতের আঙ্গুলের ছাপ)**

| LITTLE | RING | MIDDLE | FORE | THUMB |
| --- | --- | --- | --- | --- |
| | | | | |

**RIGHT HAND FINGER PRINTS (ডান হাতের আঙ্গুলের ছাপ)**

| THUMB | FORE | MIDDLE | RING | LITTLE |
| --- | --- | --- | --- | --- |
| | | | | |

*All the above fingerprints are of the abovenamed person and attested by the said person.*

[illegible]

***SIGNATURE** of the Presentant/Executant/ Claimant/Attorney/Principal/Guardian/Testator*
*(Tick the appropriate status)*

শতক বাস্তু জমি মায় ২ কামরা বিশিষ্ট গৃহাদি সম্পত্তি যাহা মধ্যমগ্রাম পৌরসভাধীন এক নম্বর ওয়ার্ডের ৯৪ বাবুপাড়া (উত্তর) নং হোল্ডিংস্থিত সম্পত্তির অন্দরে (দক্ষিণ অর্ধাংশে নিম্নে চৌহদ্দি মোতাবেক এবং 'বি' চিহ্নিত প্লটে গৃহ সংলগ্ন কমবেশী ০৮.২৫ (আট দশমিক দুই পাঁচ) শতক বা ৫ কাঠা ৯ ছটাক বাস্তু জমি অত্র দানকৃত সম্পত্তি হইতেছে।

অত্র দানপত্র দলিলের সহিত গ্রথিত নক্সা, দাতা ও গ্রহীতার দশ আঙ্গুলের টিপ ছাপ ও রঙিণ চিত্রপট অত্র দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে।

## দানকৃত সম্পত্তির চৌহদ্দি

**উত্তরে** ঃ- অদ্য দানসূত্রে প্রাপ্ত সোনালী সিংহের সম্পত্তি।

**দক্ষিনে** ঃ- ৬ ফুট প্যাসেজ।

**পূর্বে** ঃ- বিনোদ বিহারী বৈষ্ণব মহাশয়ের বাড়ী।

**পশ্চিমে** ঃ- পৌরসভার রাস্তা।

মাতার স্নেহের দিয়ত দান আমি স্বানন্দে গ্রহন করিলাম

রঞ্জিৎ সিংহ

দানপত্র গ্রহীতার স্বাক্ষর।

**মোসাবিদাকারক** ঃ-

BKRay Adv.

এ্যাডভোকেট। WB317/83

বারাসাত জাজেস কোর্ট।

**কম্পিউটার মুদ্রাক্ষরিক** ঃ-

প্রদীপ কুমার হালদার

(প্রদীপ কুমার হালদার)

বারাসাত।

**ইসাদী** ঃ-

১) সোনালী সিংহ

মধ্যমগ্রাম, বাবুপাড়া।

২) কিশোর কুমার ঘোষ

BOOK NO. I

VOL. NO. 27

Pages no. 376 to 385

Being no. 00788

For the Year 07

Additional District Sub-Registrar

Baras[illegible] 24 Parganas.

27 FEB 2007

Additional [illegible] Sub-Registrar

Barasat, North 24 Parganas.


17-4-07

385/29

P 01005

I - 00788

PLAN OF HOLDING NO. 94, BABUPARA UTTAR UNDER
WARD NO. 1 OF MADHYAMGRAM MUNICIPALITY, COMPRISED
DAG NO 982 UNDER R.S. KHATIAN NO. 496, L.R. KHATIAN
NO. 352 OF MOUZA - KORA, J.L. NO. 27 UNDER P.S. &
A.D.S.R.O.: BARASAT, DIST. - NORTH 24 PARGANAS
SCALE 1" = 20'




উমা রানী সিংহ

SIGNATURE OF THE DONOR

রাজীব সিংহ

SIGNATURE OF THE DONEE

DRAWN BY

D. GHOSH